• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

# ঢাকা বিশ্ববিদ্যালয় [গ-ইউনিট] ২০১২-২০১৩

## বাংলা

০১. 'কাঁচকলা' কোন সমাসভুক্ত?

ক. দ্বন্দ্ব খ. কর্মধারয় গ. অব্যয়ীভাব

ঘ. বহুব্রীহি ঙ. উপপদ তৎপুরুষ

উত্তর | খ | ব্যাখ্যা কাঁচা যে কলা = কাঁচকলা

মাঝখানে 'ও' থাকলে দ্বন্দ্ব সমাস।

মাঝখানে 'যে' থাকলে কর্মধারয় সমাস।

পূর্বপদে 'অব্যয়' থাকলে অব্যয়ীভাব সমাস।

শেষে 'যার' থাকলে বহুব্রীহি সমাস।

শেষে 'যে/যা' থাকলে উপপদ তৎপুরুষ সমাস।

০২. 'কূর্ম অবতার' বলতে বোঝায়:

ক. মহৎ খ. অসহায় গ. অকর্মণ্য

ঘ. কুৎসিত ঙ. অলস

উত্তর | ঙ | ব্যাখ্যা কূর্মাবতার - বিষ্ণুর দ্বিতীয় অবতার [কূর্ম = কচ্ছপ]

কড়ার ভিখারি - দীন

কড়িকপালে - ভাগ্যবান

কলমি কাপ্তেন - দরিদ্র কিন্তু বিলাসী

কুমড়ো কাটা বটঠাকুর - অকর্মণ্য লোক

০৩. কোনটি নিত্য মূর্ধন্য-ণ বাচক শব্দ?

ক. পুণ্য খ. গ্রহণ গ. স্মরণ

ঘ. অর্পণ ঙ. বিষ্ণু

উত্তর | ক | ব্যাখ্যা গ্রহণ - র-ফলার পর 'হ' থাকলেও মূর্ধন্য ণ হয়।

স্মরণ- র-এর পর মূর্ধন্য ণ হয়।

অর্পণ - রেফ-এর পর 'প' থাকলেও মূর্ধন্য ণ হয়।

বিষ্ণু - মূর্ধন্য ষ -এর পর মূর্ধন্য ণ হয়।

০৪. 'বিলাসী' গল্পে সাপ ধরার বায়না এলে বিলাসী কী করত?

ক. উৎসাহ দিত খ. নিরুৎসাহিত করত গ. বাধা দিত

ঘ. ভয় দেখাত ঙ. পালিয়ে যেত

উত্তর | গ | ব্যাখ্যা সাপ ধরার বায়না আসিলেই বিলাসী নানাপ্রকারে বাধা দিবার চেষ্টা করিত- আজ শনিবার, আজ মঙ্গলবার, এমনি কত কি? মৃত্যুঞ্জয় উপস্থিত না থাকিলে সে তো একবারেই ভাগাইয়া দিত, কিন্তু উপস্থিত থাকিলে মৃত্যুঞ্জয় নগদ টাকার লোভ সামলাইতে পারিত না।

০৫. ষাট বছর পূর্ণ হওয়ার উৎসবকে এক কথায় বলে:

ক. হীরক জয়ন্তী খ. সুবর্ণ জয়ন্তী গ. রজত জয়ন্তী

ঘ. সার্ধশত বর্ষ ঙ. প্লাটিনাম জয়ন্তী

উত্তর | ক | ব্যাখ্যা রজত জয়ন্তী - পঁচিশ বছর পূর্ণ

সুবর্ণ জয়ন্তী_ পঞ্চাশ বছর পূর্ণ

হীরক জয়ন্তী - ষাট বছর পূর্ণ

সার্ধশত বর্ষ - একশ পঞ্চাশ বছর পূর্ণ

০৬. 'সানু' কোন গল্পের চরিত্র?

ক. কলিমদ্দি দফাদার খ. বিলাসী গ. হৈমন্তী

ঘ. অপরাহ্ণের গল্প ঙ. একুশের গল্প

উত্তর | ঙ | ব্যাখ্যা 'একুশের গল্প' থেকে: "সেকি! এর মধ্যে বিয়ে করে ফেলল মেয়েটা? তপু ওকে কত ভালোবাসতো। নাজিম বিড়বিড় করে বলে উঠলো চাপা স্বরে। সানু বললো, বিয়ে করবে না তো কি সারা জীবন বিধবা হয়ে থাকবে নাকি মেয়েটা। বলে তপুর দিকে তাকালো সানু।" [সানু 'একুশের গল্পে' আর নেই।]

Admission War
• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৭. ছাদে বৃষ্টি পড়ে। এ বাক্যে 'ছাদে' কোন কারকে কোন বিভক্তি?

ক. অপাদানে ৭মী খ. অধিকরণে ৭মী গ. করণে ৭মী
ঘ. অধিকরণে শূন্য ঙ. অপাদানে শূন্য

| উত্তর | খ | ব্যাখ্যা | আকাশ থেকে ছাদে বৃষ্টি পড়ে।
তখন 'ছাদ' অধিকরণ কারক।
কিন্তু, ছাদ থেকে ঘরে পানি পড়ে।
তখন 'ছাদ' অপাদান কারক।

৮. কোন গুচ্ছ বিদেশি উপসর্গ?

ক. নিম, ফি খ. বদ্, পরি গ. অপি, সু
ঘ. অনা, ফুল ঙ. গর, প্র

| উত্তর | ক | ব্যাখ্যা |

| উপসর্গ | প্রকারভেদ | অর্থ | উদাহরণ |
|---|---|---|---|
| নিম | ফারসি উপসর্গ | আধা | নিমরাজি, নিমখুন |
| ফি | ফারসি উপসর্গ | প্রতি | ফি-হপ্তা, ফি-বছর |

৯. 'বায়স-ফিঙে' কোন রচনায় আছে?

ক. হৈমন্তী খ. বিলাসী গ. একুশের গল্প
ঘ. অপরাহ্নের গল্প ঙ. যৌবনের গান

| উত্তর | ঙ | ব্যাখ্যা | 'যৌবনের গান' থেকে: "বায়স-ফিঙে যখন বেচারা গানের পাখিকে তাড়া করে, তীক্ষ্ণ চঞ্চু দ্বারা আঘাত করে, তখনও সে এক গাছ হইতে উড়িয়া আন্ গাছে গিয়া গান ধরে।"
'যৌবনের গানে' আরও আছে: বক্তিয়ার খিলজি, লক্ষ্মণ সেন, কালাপাহাড়, কামাল, মুসোলিনি, সানইয়াত, লেনিন।

১০. 'আমার পূর্ব বাংলা' কবিতায় কালো চুল কিসের মতো?

ক. অন্ধকার খ. কালো মেঘ গ. রাত্রি
ঘ. কাকের চোখ ঙ. প্রগাঢ় নিকুঞ্জ

| উত্তর | ঘ | ব্যাখ্যা | 'আমার পূর্ব বাংলা' এক রমণী, যার-
চুল: কাকের চোখের মতো কালো
পা: উৎপলের মতো রাঙা।
দেহ: তমাল তরুর মতো স্নিগ্ধ।

১১. কোনটি নিশা'র সমার্থক শব্দ নয়?

ক. যামিনী খ. শর্বরী গ. বিভাবরী
ঘ. ত্রিযামা ঙ. অরাতি

| উত্তর | ঙ | ব্যাখ্যা | অরাতি- অরি, শত্রু, বৈরী।
রাতি- নিশা, যামিনী, শর্বরী, বিভাবরী, ত্রিযামা

১২. কমলাকান্তের পদবি কী?

ক. শর্মা খ. চক্রবর্তী গ. মৈত্রেয়
ঘ. বন্দ্যোপাধ্যায় ঙ. মিত্র

| উত্তর | খ | ব্যাখ্যা | 'কমলাকান্তের জবানবন্দি' থেকে: "উকিল তখন জিজ্ঞাসাবাদ আরম্ভ করিলেন "তোমার নাম কী"?
কমলা। শ্রীকমলাকান্ত চক্রবর্তী।
উকিল। তোমার বাপের নাম কী?"
কমলাকান্ত জাতিতে ব্রাহ্মণ। প্রবন্ধে তার পিতার নাম দেওয়া নেই।

১৩. "মন উঁচুতেও উঠতে চায়, নিচুতেও নামতে চায়।" কোন রচনার অন্তর্গত?

ক. যৌবনের গান খ. কলিমদ্দি দফাদার গ. সাহিত্যে খেলা
ঘ. একুশের গল্প ঙ. অপরাহ্নের গল্প

| উত্তর | গ | ব্যাখ্যা | 'সাহিত্যে খেলা' থেকে: "যখন এ জগতে দশটা দিক আছে তখন সেই সব দিকেই যাতায়াত করবার প্রবৃত্তিটি মানুষের পক্ষে স্বাভাবিক। মন উঁচুতেও উঠতে চায়, নীচুতেও নামতে চায়।"

১৪. 'নালিশটা অযৌক্তিক।' কোন ধরনের বাক্য?

ক. নেতিবাচক খ. অস্তিবাচক গ. অনুজ্ঞাবাচক
ঘ. প্রশ্নবাচক ঙ. নির্দেশক

| উত্তর | ঙ | ব্যাখ্যা | বাক্যের ধরন:

- নির্দেশক
  - অস্তিবাচক: নালিশটা অযৌক্তিক।
  - নেতিবাচক: নালিশটা যৌক্তিক নয়।
- প্রশ্নবাচক: নালিশটা কি যৌক্তিক?
- অনুজ্ঞাবাচক: নালিশটা যৌক্তিক কিনা বল।

১৫. 'আদ্যোপান্ত' শব্দটির সন্ধিবিচ্ছেদ:

ক. আদি+পান্ত খ. আদ্য+পান্ত গ. আদ্যো+পান্ত
ঘ. আদি+প্রান্ত ঙ. আদ্য+উপান্ত

| উত্তর | ঙ | ব্যাখ্যা | আদ্য + উপান্ত = আদ্যোপান্ত [অ + উ = ও]
অনুরূপ স্বরসন্ধির উদাহরণ:
সূর্য + উদয় = সূর্যোদয় [অ + উ = ও]
পর + উপকার = পরোপকার [অ + উ = ও]
নীল + উৎপল = নীলোৎপল [অ + উ = ও]

১৬. 'Transparency' শব্দের বাংলা পরিভাষা হলো:

ক. মুক্ততা খ. ত্রুটিহীনতা গ. স্বচ্ছতা
ঘ. সাবলীলতা ঙ. স্বাচ্ছন্দ্য

| উত্তর | গ | ব্যাখ্যা | 'দুর্নীতি, উন্নয়নের অন্তরায় ও উত্তরণের পথ' থেকে:
Stakeholder–অংশীজন
Validity–যথার্থতা
Reliability–নির্ভরযোগ্যতা
Hierarchy–পরম্পরা

১৭. 'কুতুবপুর' গ্রামে জন্ম নিয়েছিলেন:

ক. সৈয়দ আলী আহসান খ. শামসুর রাহমান
গ. হুমায়ূন আহমেদ ঘ. আবু জাফর শামসুদ্দীন
ঙ. জহির রায়হান

| উত্তর | গ | ব্যাখ্যা |

| লেখক / কবি | জন্মস্থান |
|---|---|
| সৈয়দ আলী আহসান | আলোকদিয়া, মাগুরা |
| শামসুর রাহমান | ঢাকা |
| আবু জাফর শামসুদ্দীন | কালিগঞ্জ, ঢাকা |
| জহির রায়হান | মজুপুর গ্রাম, ফেনী |

১৮. 'বঙ্গভাষা' সনেটটি কোন ছন্দে রচিত?

ক. অক্ষরবৃত্ত খ. মাত্রাবৃত্ত গ. স্বরবৃত্ত
ঘ. অমিত্রাক্ষর ঙ. পয়ার

| উত্তর | ক | ব্যাখ্যা | ছন্দ ৩ প্রকার: অক্ষরবৃত্ত, মাত্রাবৃত্ত ও স্বরবৃত্ত।

- অক্ষরবৃত্ত ছন্দের নানা প্রকারভেদ রয়েছে। যেমন- সনেট, পয়ার, ত্রিপদী, অমিত্রাক্ষর ছন্দ ইত্যাদি।
- মাত্রাবৃত্ত ছন্দ সাধারণত ৫/৬/৭ মাত্রার হয়।
- স্বরবৃত্ত ছন্দ ৪ মাত্রার হয়।

১৯. তুলসী গাছটি উপড়ে ফেলতে চায় কে?

ক. হুকাসেবী আমজাদ খ. গল্পপ্রেমিক কাদের গ. বামপন্থী মকসুদ
ঘ. হুজুগে মোদাব্বের ঙ. মোটা বদরুদ্দিন

| উত্তর | ঘ | ব্যাখ্যা | 'একটি তুলসী গাছের কাহিনী' থেকে:

- রোববার সকালে নিমের ডাল দিয়ে মেছওয়াক করতে করতে মোদাব্বের প্রথম তুলসী গাছ দেখতে পায়।
- ওরাই তো সব কিছুর মূলে। তাদের নীচতা হীনতা গোঁড়ামির জন্যেই তো দেশটা ভাগ হলো। (মোদাব্বের-এর সংলাপ)
- বাড়ি ছাড়ার মেয়াদ ২৪ ঘণ্টা থেকে ৭দিন হয়েছে। (এই সংবাদ দেয় মোদাব্বের)।

Admission War তোমার প্রেরণা তুমি নিজেই

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

২০. "নিজেই চমকে উঠি, কী নিস্পৃহ, কেমন শীতল।" 'একটি ফটোগ্রাফ' কবিতায় কবির এ অভিব্যক্তি কেন?
ক. বাজখাঁই কাউকে দেখে খ. অতিথির জিজ্ঞাসায় গ. ছেলের ফটোগ্রাফ দেখে
ঘ. ছেলের মৃত্যুতে ঙ. নিজের কণ্ঠস্বর শুনে

উত্তর ঙ ব্যাখ্যা • নিজের কণ্ঠস্বর শুনে
নিজেই চমকে উঠি, কী নিস্পৃহ, কেমন শীতল।
• বাজখাঁই
কেউ যেন আমার শোকের নদীটিকে কত দ্রুত রুক্ষ চর করে দিলো।
• অতিথি বিদায় নিলে আবার দাঁড়াই
এসে ফটোগ্রাফটির মুখোমুখি প্রশ্নাকুল চোখে।

২১. 'বিবর' শব্দটি অর্থ কী?
ক. বিরাট খ. ছোট গ. গর্ত
ঘ. পুকুর ঙ. হাওর

উত্তর গ ব্যাখ্যা জীবন-বন্দনা:
যারা বর্বর হেথা বাঁধে ঘর পরম অকুতোভয়ে
বনের ব্যাঘ্র ময়ূর সিংহ বিবরের ফণী লয়ে।

আরও কিছু শব্দার্থ:
ফণী - সাপ
হেথা - এখানে
অকুতোভয়ে - নির্ভয়ে
বর্বর - আদিম অসভ্য জাতি

২২. একাধিক স্বাধীন বাক্যকে একটি বাক্যে লিখলে সেগুলোর মাঝখানে কোন ছেদচিহ্ন ব্যবহৃত হয়?
ক. কমা খ. ড্যাশ গ. সেমিকোলন
ঘ. কোলন ঙ. দাড়ি

উত্তর গ ব্যাখ্যা একাধিক স্বাধীন বাক্যকে একটি বাক্যে লিখলে সেগুলোর মাঝখানে সেমিকোলন বসে:
(ক) তিনি শুধু তামাশা দেখিতেছিলেন; কোথাকার জল কোথায় গিয়া পড়ে।
(খ) শিক্ষা একেবারে পুরা হইয়া আছে; এখন শুধু ইংরাজকে কষিয়া গালিগালাজ করিতে পারিলে দেশটা উদ্ধার হইয়া যায়।

২৩. 'যৌবনসূর্য' কোন ধরনের শব্দ?
ক. সন্ধিজাত খ. সমাসবদ্ধ গ. প্রত্যয়জাত
ঘ. উপসর্গজাত ঙ. ধ্বন্যাত্মক

উত্তর খ ব্যাখ্যা 'যৌবনের গান' থেকে আরও কিছু সমাসবদ্ধ শব্দ:

| | | |
|---|---|---|
| যৌবনসূর্য | যৌবন রূপ সূর্য | রূপক কর্মধারয় |
| মার্তণ্ডপ্রায় | মার্তণ্ডের প্রায় | ষষ্ঠী তৎপুরুষ |
| জবাকুসুমসঙ্কাশ | জবাকুসুমের সঙ্কাশ | ষষ্ঠী তৎপুরুষ |

২৪. 'মানুষ' পদের বিশেষণ:
ক. মনুষ্য খ. মানস গ. মানুষিক
ঘ. মনুষ্যত্ব ঙ. মানুষ্য

উত্তর গ ব্যাখ্যা

| চেনার উপায় | |
|---|---|
| বিশেষ্য | বিশেষণ |
| + তা: মানবতা | + ইক: মানুষিক |
| + ত্ব: মনুষ্যত্ব | + এয়: আগ্নেয় |
| + য: মনুষ্য | + ঈয়: মানবীয় |

২৫. 'কবর' কবিতায় বৃদ্ধের পুত্র মারা গিয়েছিল কোন মাসে?
ক. শ্রাবণ খ. বৈশাখ গ. আশ্বিন
ঘ. ফাল্গুন ঙ. অগ্রহায়ণ

উত্তর ঘ ব্যাখ্যা "সেই ফাল্গুনে বাপ তোর এসে কহিল আমারে ডাকি,
বা-জান, আমার শরীর আজিকে কী যে করে থাকি থাকি।
ঘরের মেঝেতে সপটি বিছায়ে কহিলাম বাছা শোও,
সেই শোওয়া তার শেষ শোওয়া হবে তাহা কি জানিত কেউ?"

## English

**Read the following passage and answer (Questions 1 through 5):**

Joy Card and Printing Ltd., a local company, made around 4 million SIM cards since 2011 at its own plant for the country's mobile phone operators, a testimony to the capability of domestic enterprises. From 2010, the company also supplied 40 million scratch cards used for recharging balance in mobile phones. This local initiative was able to gain confidence in both national and multinational cell phone companies. Joy, a 200-person strong company with the capacity to produce 2 million SIM cards a month, imports ABS sheet and then installs chips for making the SIM cards. However, the company today is faced with a setback due to poor customer acquisition and the operators' unwillingness to buy the SIM cards from domestic markets.

**01. 'Testimony' in the passage implies:**
A. hypothesis B. test case C. evidence
D. glamour E. denial

**Explanation:** ... a testimony to the capability of domestic enterprises. testimony অর্থ সাক্ষ্য-প্রমাণ। **Ans: C**
» testimony > indication, proof, evidence, witness

**02. One drawback faced by the company was:**
A. overproduction
B. underproduction of SIM sets
C. regulatory problem
D. lack of interest in local SIM cards
E. lack of government support

**Explanation:** Passage এর নিম্নলিখিত অংশটুকুর মধ্যে উত্তর রয়েছে। However, the company today is faced with a setback due to poor customer acquisition and the operators' unwillingness to buy the SIM cards from domestic markets. **Ans: D**

**03. 'Acquisition' in the passage implies:**
A. lacking B. loss C. gaining
D. dearth E. want

**Explanation:** ...due to poor customer acquisition অর্থাৎ, এখানে customer gain (কাস্টমার ধরা) করার কথা বলা হয়েছে। **Ans: C**
» acquisition > gaining, attainment, achievement, possession

**04. 'Plant' in the passage refers to:**
A. a place in the ground B. something inserted
C. a perennial product D. an industrial site
E. a large estate for crops

**Explanation:** নিচের লাইনটি লক্ষ্য করুন, at its own plant for the country's mobile phone operators, a testimony to the capability of domestic enterprises. **Ans: D**

**05. The passage is all about**
A. The inefficiency of local mobile markets
B. A local mobile firm's experience of SIM production
C. The competitive nature of mobile banking
D. Lack of government initiative in SIM production
E. The structure of the mobile market in Bangladesh

**Explanation:** Passage এ একটি local mobile firm এর সিম উৎপাদনের অভিজ্ঞতা বর্ণনা করা হয়েছে। **Ans: B**

**06. Antonym of 'tedious' is-**
A. boring B. monotonous C. tiresome
D. refreshing E. dull

**Explanation:** Tedious অর্থ ক্লান্তিকর। **Ans: D**
» tedious > boring, monotonous, tiresome, wearisome

**07. 'Out and out' means:**
A. not at all B. someone from outside C. to get out
D. to be last E. thoroughly

**Explanation:** Out and out অর্থ পুরোপুরি। **Ans: E**

JOYKOLY PUBLICATIONS • Admission War

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**08. 'Pediatric' relates to the treatment of:**
A. adults B. women C. old people
D. children E. men
**Explanation:** শিশুরোগবিদ্যাকে Pediatric বলে। Ans: D

**Identify one of the underlined words or phrases that must be changed in order for the sentence to be correct:**

**09.** **<u>Joseph's story</u> (A) is <u>a</u> (A) clinical <u>portrayal</u> (C) of <u>man as an animal</u> (D) trapped <u>in the fear</u> (E) and hunger. Ans: E**

**Choose the correct sentence (Questions 10 through 12):**

10. A. If I found a bag in the street, I will take it to the police.
B. If I found a bag in the street, I would take it to the police.
C. If I found a bag in the street, I took it to the police.
D. If I found a bad in the street, I'll be taking it to the police.
E. If I found a bag in the street, I have taken it to the police.
**Explanation:** Conditional sentence এর নিয়ম চিন্তা করে সঠিক sentence টি খুঁজে বের করতে হবে। if যুক্ত অংশ past indefinite tense এ থাকলে সংযুক্ত sentence টি would +verb in simple form এ থাকবে। Ans: B

11. A. He used the phrase you know so often that I finally said, No, I don't know.
B. He used the phrase "you know" so often that I finally said, No, I don't know.
C. He used the phrase you know so often that I finally said, "No, I don't know."
D. He used the phrase "you know" so often that I finally said, "No, I don't know."
E. He used the phrase "you know" so often that I finally said "No I don't know." Ans: B

12. A. Why you have done this? B. Why did you have done this?
C. Why have you done this? D. Why you had done this?
E. Why did you done this?
**Explanation:** question formation থেকে প্রশ্নটি এসেছে। Ans: C
Wh question: Wh word + auxiliary verb + subject + main verb ....

**13. Which do you think is the nearest in meaning to 'proviso':**
A. sanction B. substitute C. directive
D. supply E. stipulation
**Explanation:** চুক্তিতে অন্তর্ভুক্ত কোন একটি শর্তকে Proviso বলে।
» Proviso > a clause in a document or contract that embodies a condition or stipulation, a condition or stipulation
» **Proviso >** stipulation, condition, provision, specifications **Ans: E**

**14. Antonym of 'dogma' is:**
A. doctrine B. principle C. tenet
D. unbelief E. rule
**Explanation:** dogma অর্থ ধর্মীয় মতবাদ, তবে বর্তমানে dogma শব্দটি দৃঢ় ধর্ম বিশ্বাস বুঝাতে ব্যবহার করা হয়। Ans: D
» dogma > creed, doctrine, belief, tenets, views

**15. Synonym of 'apex' is:**
A. base B. zenith C. bottom
D. low E. floor
**Explanation:** apex অর্থ শীর্ষ বা চূড়া। Ans: B
» apex > top, peak, zenith, summit, climax, tip

**16. 'To smell a rat' means:**
A. to smell a bad smell B. to suspect a trick or deceit
C. to misunderstand D. to have dirty ways
E. to be bothersome
**Explanation:** smell a rat ইডিয়মটির অর্থ সমস্যার আভাস পাওয়া। শত্রু পক্ষ, ... আড়ালে অথবা ছদ্মবেশে কেউ খারাপ কিছু করার পরিকল্পনা করছে বুঝাতে smell a rat ইডিয়মটি ব্যবহৃত হয়। Ans: B

**Fill in the blanks with appropriate preposition(s)/word(s) [Questions 17 through 22]:**

**17. The doctor suggested that the patient ——— weight.**
A. should lose B. would lose C. loss
D. lose E. lost
**Explanation:** Subjunctie verb + that + sub + $v_1$ . **Ans: D**

**18. Our friends will ——— for two nights.**
A. put us up B. put us in C. provide us in
D. provide us up E. provide after
**Explanation:** Our friends will in for two nights. আমাদের বন্ধুরা দুই দিনের জন্য আমাদের থাকা-খাওয়ার (ভরণ-পোষণ) ব্যবস্থা করবে। Ans: A

**19. The ozone in the upper layers of Earth's atmosphere is beneficial, ——— animal and plant life from dangerous ultraviolet radiation.**
A. withdrawing B. thwarting C. displacing
D. reflecting E. protecting
**Explanation:** ozone layer থাকায় পৃথিবীতে ক্ষতিকর ultraviolet radiation আসতে পারছে না বা কম আসছে বলে animal and plant life protected হচ্ছে। Ans: E

**20. Once the audience began to applaud and laugh at his jokes, Monem felt more ——— .**
A. professional B. ambiguous C. uncertain
D. relaxed E. uncomfortable
**Explanation:** কৌতুক বলার পর হাসলে বক্তার ভাল লাগে। Once the audience began to applaud and laugh at his jokes, Monem felt more relaxed. **Ans: D**

**21. We drove ——— the river for an hour ——— turned north before we reached it.**
A. to, and B. back, when C. towards, but
D. in, to E. on, so
**Explanation:** নদীর দিকে যাচ্ছিলাম অর্থে to এবং and এর উভয় পাশে একই tense. Ans: A

**22. There is ——— in one of your front teeth.**
A. a filing B. a cavity C. decay
D. food E. growth
**Explanation:** দাঁতের গর্তকে cavity বলে। Ans: B

**23. Which one is the correct spelling?**
A. scaning B. stoped C. dyeing
D. recomend E. buget
**Explanation:** die অর্থ মারা যাওয়া। dye অর্থ রং করা। die এর present participle form হচ্ছে dying, dye এর present participle form হচ্ছে dyeing. Ans: C

**24. Which of the following pairs expresses a relationship from the rest in terms of their parts of speech?**
A. Convince-Convincing B. Persuade-Persuasive
C. Vary-various D. Economise-Economic
E. Fame-Famous
**Explanation:** Economise-Economic – এই relationship টি ব্যতিক্রম, কারণ এক্ষেত্রে verb থেকে adjective এ রূপান্তর ঘটেছে। Ans: E

| Verb | Adjective | Verb | Adjective |
|---|---|---|---|
| Convince | Convincing | Persuade | Persuasive |
| Vary | various | | |

**25. Synonym of 'paradox' is:**
A. exaggeration B. hyperbole C. contradiction
D. invective E. poetic device
**Explanation:** paradox অর্থ দৈততা। যুক্তি এবং বিপরিত যুক্তি দিয়ে যখন কোন বিষয়ের ভেতর প্রবেশ করার চেষ্টা করা হয় তখন তাকে paradox বলে। Ans: C

Admission War
• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## হিসাববিজ্ঞান

০১. নিম্নের কোনটি বিলম্বিত মুনাফা জাতীয় খরচ নয়?
ক. বিশেষ প্রকৃতির মেরামত ব্যয় খ. কারখানার স্থানান্তর ব্যয়
গ. কর্জের উপর সুদ ঘ. কোম্পানি গঠনের খরচ
ঙ. বড় অঙ্কের বিজ্ঞাপন খরচ

উত্তর গ ব্যাখ্যা এখানে কর্জের উপর সুদ বিলম্বিত মুনাফা জাতীয় খরচ নয়। এটি সাধারণ খরচ। যদি অগ্রিম প্রদত্ত কর্জের সুদ হতো তবে তা বিলম্বিত মুনাফা জাতীয় খরচ হিসেবে বিবেচিত হতো।

০২. ইস্যুকৃত চেক ব্যাংক কর্তৃক অমর্যাদা হলে ব্যাংক হিসাবে কী এন্ট্রি হবে?
ক. ব্যাংক হিসাব ডেবিট, পাওনাদার হিসাব ক্রেডিট
খ. আদিষ্ট হিসাব ডেবিট, ব্যাংক হিসাব ক্রেডিট
গ. ব্যাংক হিসাব ডেবিট, দেনাদার হিসাব ক্রেডিট
ঘ. ব্যাংক হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
ঙ. কোন এন্ট্রি দেয়ার প্রয়োজন নেই

উত্তর ক ব্যাখ্যা ইস্যুকৃত চেক ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত বা অমর্যাদাকৃত হলে ব্যাংক হিসাব ডেবিট ও পাওনাদার হিসাব ক্রেডিট করতে হয়।

০৩. একটি প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা যা থেকে জানা যায়:
ক. নগদ প্রবাহ বিবরণী খ. উদ্বর্তপত্র গ. মালিকানা স্বত্ব বিবরণী
ঘ. লাভ-লোকসান হিসাব ঙ. ক্রয়-বিক্রয় হিসাব

উত্তর খ ব্যাখ্যা একটি প্রতিষ্ঠানের পূর্ণাঙ্গ আর্থিক চিত্র একটি নির্দিষ্ট সময় বিন্দুতে উদ্বর্তপত্র তুলে ধরে। সুতরাং কোনো প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা জানা যাবে উদ্বর্তপত্র থেকে। আর আর্থিক ফলাফল জানা যায় লাভ-ক্ষতি হিসাব থেকে।

০৪. নিম্নের কোন নীতি অনুসারে সমন্বয় জাবেদা করা হয়?
ক. মিলকরণ নীতির জন্য খ. সামঞ্জস্য নীতির জন্য
গ. ব্যয় নীতির জন্য ঘ. রক্ষণশীলতা নীতির জন্য ঙ. গুরুত্ব নীতির জন্য

উত্তর ক ব্যাখ্যা সাধারণত মিলকরণ নীতির ফলে সমন্বয় জাবেদা প্রস্তুত করা হয়ে থাকে।

০৫. ২০১১ সালে স্কয়ার ফার্মাসিউটিক্যালস লি. এর সম্পত্তি ৫০,০০০ টাকা কমেছে এবং দায় ৯০,০০০ টাকা কমেছে। এর ফলে মালিকানা স্বত্ব টাকায়:
ক. ৪০,০০০ বেড়েছে খ. ১,৪০,০০০ কমেছে গ. ৪০,০০০ কমেছে
ঘ. ১,৪০,০০০ বেড়েছে ঙ. অপরিবর্তিত রয়েছে

উত্তর ক ব্যাখ্যা কোনো প্রতিষ্ঠানের সম্পত্তির পরিমাণ কমে গেলে মালিকানা স্বত্ব কমে যায়। অন্যদিকে দায় কমে গেলে মালিকানা স্বত্ব বেড়ে যায়। ফলে সম্পত্তি ৫০,০০০ টাকা কমে যাওয়া এবং দায় ৯০,০০০ টাকা কমে যাওয়ায় ২০১১ সালে স্কয়ার ফার্মাসিউটিক্যালস লি: এর মালিকানা স্বত্ব (৯০,০০০-৫০,০০০) = ৪০,০০০ টাকা বেড়ে গেছে।

০৬. কোনটি উৎপাদন ব্যয়ের উপাদান নয়?
ক. প্রত্যক্ষ কাঁচামাল খ. পরোক্ষ কাঁচামাল
গ. মেশিন অপারেটরের বেতন ঘ. প্রত্যক্ষ মজুরি
ঙ. পণ্য বিতরণে নিয়োজিত মোটরযানের অবচয়

উত্তর ঙ ব্যাখ্যা এখানে পণ্য বিতরণে নিয়োজিত মোটরযানের পণ্য উৎপাদনের সাথে সংশ্লিষ্ট নয়। সুতরাং উক্ত মোটরযানের অবচয় উৎপাদন ব্যয়ের উপাদান নয়।

০৭. নিম্নের কোন আইটেমটি সাধারণতঃ সমন্বয়যোগ্য নয়?
ক. পূর্বপরিশোধিত খরচ খ. বকেয়া খরচ গ. বকেয়া রাজস্ব
ঘ. অর্জিত রাজস্ব ঙ. অনর্জিত রাজস্ব

উত্তর ঘ ব্যাখ্যা এখানে, অর্জিত রাজস্ববাদে বাকী সবই সমন্বয়যোগ্য আইটেম। অর্জিত রাজস্ব নিয়মিত আয়ের অর্ন্তভুক্ত। সুতরাং এটি সমন্বয়যোগ্য আইটেম নয়।

০৮. নিম্নের কোনটি সার-সংক্ষেপকরণ প্রক্রিয়ার অংশ?
ক. চিহ্নিতকরণ খ. বিশ্লেষণ গ. জাবেদা লিখন
ঘ. রেওয়ামিল প্রস্তুতকরণ ঙ. খতিয়ানভুক্ত করণ

উত্তর ঙ ব্যাখ্যা সংঘটিত লেনদেনসমূহ জাবেদার মাধ্যমে ডেবিট ও ক্রেডিট বিশ্লেষণ করার পর তা খতিয়ানভূক্তিকরণের মাধ্যমে সংক্ষেপকরণ করা হয়। তারপর ভুল ত্রুটি পরিক্ষা করার জন্য খতিয়ান উদ্বর্ত নিয়ে একটি তালিকা প্রস্তুত করা হয়, যার নাম রেওয়ামিল। সুতরাং সার-সংক্ষেপকরণ প্রক্রিয়ার অংশ হিসেবে খতিয়ান ভুক্তিকরণকে বোঝায়।

০৯. অবচয় সঞ্চিতি হচ্ছে:
ক. একটি কন্ট্রা-সম্পদ হিসাব খ. একটি খরচ হিসাব
গ. একটি মালিকানা স্বত্ব হিসাব ঘ. একটি সম্পদ হিসাব
ঙ. একটি দায় হিসাব

উত্তর ক ব্যাখ্যা কোনো সম্পত্তি হ্রাস প্রদর্শন করার জন্য সম্পত্তি হিসাবটির বিপরীতে অন্য একটি হিসাবপ্রস্তুত করা হলে, তাকে বিপরীত বা প্রতি সম্পত্তি হিসাব বা কন্ট্রা সম্পত্তি হিসাব বলে। যেমন-পুঞ্জিভূত অবচয়, সন্দেহজনক ঋণ সঞ্চিতি হিসাব, দেনাদার বাট্টা সঞ্চিতি হিসাব প্রভৃতি।

১০. একটি ব্যবসায় প্রতিষ্ঠান ২/১০, n/৩০ শর্তে ৬,০০০ টাকার পণ্য ক্রয় করে। ১,০০০ টাকার পণ্য ফেরত দেওয়া হয় এবং বাকি টাকা বাট্টাকালীন সময়ের মধ্যে পরিশোধ করা হয়, তাহলে বাট্টার পরিমাণ টাকায় কত?
ক. ১২০ খ. ১০০ গ. ৬০০ ঘ. ৫০০ ঙ. ১,৮০০

উত্তর খ ব্যাখ্যা ২/১০, n/৩০ অর্থহলো যদি ১০ দিনের মধ্যে পাওনা পরিশোধ করা হয় তবে প্রদেয় টাকার উপর ২% বাট্টা পাবে, এবং ৩০ দিনের মধ্যে অবশ্যই পূর্ণ পাওনা পরিশোধ করতে হবে। এখানে, বাট্টা কালীন সময়ের মধ্যে পরিশোধ করায় বাট্টার পরিমান হবে-
(৬০০০-১০০০) × ২% = ৫০০০ × ২% = ১০০ টাকা।

১১. নিম্নলিখিত তথ্যসমূহ হতে মোট বিক্রয় ও নিট মুনাফা কত টাকা হবে তা নির্ণয় কর: বিক্রিত পণ্যের ব্যয় ৮৩,৯০০ টাকা, মোট মুনাফা ৭৯,৬০০ টাকা এবং পরিচালনা খরচ ৩৯,৫০০ টাকা।
ক. ৫৪,৩০০ ও ৪৩,৮০০ খ. ১,২০,০০০ ও ৯০,০০০
গ. ১,৩৬,৫০০ ও ১,৪২,০০০ ঘ. ১,৬৩,৫০০ ও ৪০,১০০
ঙ. ১,৬৩,৫০০ ও ১,২৪,০০০

উত্তর ঘ ব্যাখ্যা এখানে,
মোট বিক্রয় = বিক্রীত পণ্যের ব্যয় + মোট মুনাফা
= ৮৩,৯০০ + ৭৯,৬০০ = ১,৬৩,৫০০ টাকা
নীট মুনাফা = মোট মুনাফা − পরিচালনা খরচ
= ৭৯,৬০০ − ৩৯,৫০০ = ৪০,১০০ টাকা

১২. নিচের কোনটি আয় বিবরণীতে দেখানো হয় না?
ক. লাভ ও লোকসানসূহ খ. শেয়ার প্রিমিয়াম গ. আয়কর খরচ
ঘ. বিক্রয় বাট্টা ঙ. অপরিচালন খাত হতে আয়

উত্তর খ ব্যাখ্যা শেয়ার প্রিমিয়াম বা শেয়ার অধিহার আয় বিবরণীতে দেখানো হয় না। এটি কোম্পানির দায় হিসেবে গণ্য হয় এবং উদ্বর্তপত্রে দায়ের দিকে দেখানো হয়।

১৩. নিম্নের কোনটি অলীক সম্পত্তি?
ক. সুনাম খ. ব্যবসায় চিহ্ন গ. প্রাথমিক খরচ
ঘ. লাইসেন্সিং ঙ. কপিরাইট

উত্তর গ ব্যাখ্যা কোনো কোম্পানির অলীক সম্পত্তি সমূহ হলো শেয়ার বা ঋণপত্রের অবহার বা বাট্টা, প্রাথমিক খরচাবলী, লাভ-লোকসান আবন্টন হিসাবের ডেবিট উদ্বর্ত ইত্যাদি।

১৪. নিম্নের কোনটি হিসাব সমীকরণের বর্ধিত প্রকাশ?
ক. সম্পত্তি + দায় = মালিকের মূলধন + মালিকের উত্তোলন + আয় + ব্যয়
খ. সম্পদ = দায় + মালিকের মূলধন + মালিকের উত্তোলন + আয় - ব্যয়
গ. সম্পদ = দায় - মালিকের মূলধন - মালিকের উত্তোলন - আয় - ব্যয়
ঘ. সম্পদ = দায় + মালিকের মূলধন - মালিকের উত্তোলন + আয় - ব্যয়
ঙ. সম্পদ + দায় = মালিকের মূলধন - মালিকের উত্তোলন + আয় - ব্যয়

উত্তর ঘ ব্যাখ্যা হিসাবসমীকরণ হলো, সম্পত্তি = দায় + মালিকের মূলধন বর্ধিতরূপ হলো- সম্পত্তি = দায় + মালিকের মূলধন - মালিকের উত্তোলন + আয় - ব্যয়

১৫. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুসারে এন.এস. কর্পোরেশন তার আয় নগদ আদায়ের পরিবর্তে অর্জিত হলেই হিসাবভুক্ত করে?
ক. ঐতিহাসিক ব্যয় খ. পূর্ণাঙ্গ প্রকাশ গ. আয় স্বীকৃতি
ঘ. ব্যবসায়িক সত্তা ঙ. রক্ষণশীলতা

উত্তর গ ব্যাখ্যা হিসাববিজ্ঞানের আয় স্বীকৃতি নীতি অনুসারে আয় যখন অর্জিত হবে তখনই লিপিবদ্ধ করতে হবে। নগদ টাকা আদায় হোক বা না হোক

AdmissionWar

• JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS •

১৬. এপেক্স লি. এর ৩১ ডিসেম্বর ২০১১ তারিখে সমাপ্ত বৎসরের নিয়মিত কার্যাবলির তথ্যসমূহ নিম্নে দেয়া হল: বিক্রয় ১০,০০,০০০ টাকা; বিক্রয় খরচ ১,২৫,০০০ টাকা; মোট মুনাফার হার ৩০%; প্রশাসনিক খরচ ৫০,০০০ টাকা; ৩১/১২/২০১১ তারিখের সমাপ্তি মজুদ ৮০,০০০ টাকা ও ৩১/১২/২০১০ তারিখের সমাপ্তি মজুদ ৬০,০০০ টাকা উক্ত ২০১১ সনের মজুদপণ্যের আবর্তনের সময় কত মাসে?

ক. ১.১৬ খ. ০.৯৬ গ. ০.৮৪
ঘ. ১.২ ঙ. ১.০২

উত্তর | ঘ | ব্যাখ্যা

এখানে, মজুদ আর্বতন সময় (মাসে) $= \frac{১২}{\text{মজুদ আবর্তন অনুপাত}} = \frac{১২}{১০}$

$= ১.২$

এখানে, মজুদ আবর্তন অনুপাত $= \frac{\text{বিক্রিত পণ্যের ব্যয়}}{\text{গড় মজুদ}} = \frac{৭,০০,০০০}{৭০,০০০} = ১০$

গড় মজুদ $= \frac{\text{প্রারম্ভিক মজুদ + সমাপনি মজুদ}}{২} = \frac{৮০,০০০ + ৬০,০০০}{২}$

$= ৭০,০০০$ টাকা।

বিক্রিত পণ্যের ব্যয় = বিক্রয় − মুনাফা

$= ১০,০০,০০০ − (১০,০০,০০০ × ৩০\%) = ৭,০০,০০০$

১৭. নিম্নের কোন ঘটনাটি লেনদেন নয়?

ক. হিসাব কালের অপরিশোধিত বেতন
খ. সেবাদান হতে আয় যা অর্জিত হয়েছে, কিন্তু পাওয়া যায়নি
গ. মজুদপণ্যের মূল্য বৃদ্ধি
ঘ. দুর্ঘটনায় নষ্ট হওয়া পণ্য
ঙ. হিসাব কালের জন্য-উপযোগ মূলক কাজের বিল, যা পাওয়া গেছে কিন্তু পরিশোধ করা হয়নি

উত্তর | গ | ব্যাখ্যা এখানে, মজুদপণ্যের মুল্য বৃদ্ধিকে লেনদেন হিসেবে ধরা হয় না। একে Unrealized gain হিসেবে দেখানো হয়ে থাকে। কারণ মজুদপণ্য মূল্যায়নে রক্ষণশীলতার নীতি অনুসারে ক্রয় মূল্য ও বাজার মূল্যের যেটি কম সেটি বিবেচনা করা হয়। মূল্য বৃদ্ধিকে হিসাবে দেখানো হয় না।

১৮. ত্বরিত অনুপাত নির্ণয়ের ক্ষেত্রে নিচের কোনটি বিবেচনা করা হয় না?

ক. নগদ টাকা খ. প্রাপ্য হিসাব গ. অগ্রিম প্রদত্ত খরচ
ঘ. মজুদ পণ্য ঙ. প্রদেয় হিসাব

উত্তর | ঘ | ব্যাখ্যা ত্বরিত অনুপাত নির্ণয়ের ক্ষেত্রে মজুদপণ্যকে বিবেচনা করা হয়। ত্বরিত সম্পত্তি নির্ণয়ে চলতি সম্পত্তি হতে মজুদ পণ্যকে বাদ দেওয়া হয়।

১৯. সকল সম্পদ ডেবিট ও সকল দায় এবং মালিকানা স্বত্ব ক্রেডিট হলে জাবেদাটির ধরন কিরূপ হবে?

ক. প্রারম্ভিক জাবেদা লিখন খ. সমাপনী জাবেদা লিখন
গ. সমন্বয়ী জাবেদা লিখন ঘ. সংশোধনী জাবেদা লিখন
ঙ. স্থানান্তর জাবেদা লিখন

উত্তর | ক | ব্যাখ্যা হিসাবকালের শুরুতে হিসাব তালিকা অনুসারে পূর্ববর্তী হিসাবকালের সম্পত্তি ও দায়ের উদ্বর্ত নিয়ে প্রারম্ভিক দাখিলা প্রদান করা হয়। এতে সকল প্রকার সম্পত্তিকে ডেবিট এবং সকল প্রকার দায় ও মূলধনকে ক্রেডিট করা হয়।

২০. ব্যবসায় প্রতিষ্ঠানে অবচয় কোন ধরনের সম্পত্তির উপর ধার্য করা হয়?

ক. চলতি সম্পত্তি খ. অলীক সম্পত্তি গ. অস্পর্শনীয় সম্পত্তি
ঘ. স্থায়ী সম্পত্তি ঙ. ব্যক্তিগত সম্পদ

উত্তর | ঘ | ব্যাখ্যা ব্যবসায় প্রতিষ্ঠানের স্থায়ী সম্পত্তির উপর অবচয় ধার্য করা হয়। স্থায়ী সম্পত্তি যেমন = আসবাবপত্র, যন্ত্রপাতি, দালানকোঠা ইত্যাদি।

২১. একটি মোটরগাড়ি ৮,০০০ টাকায় কেনা হয়েছে যার মধ্যে ৩৬টাকা পেট্রোল খরচ অন্তর্ভুক্ত করা হয়েছে। সম্পূর্ণ মূল্য ৮,০০০ টাকা মোটরগাড়ি হিসাবে ডেবিট করা হয়েছে। লাভ-ক্ষতি হিসাব এবং উদ্বর্তপত্রে এর কী প্রভাব পড়েছে?

ক. লাভ বেড়েছে ৩৬ টাকা এবং স্থায়ী সম্পত্তি বেড়েছে ৩৬ টাকা
খ. লাভ বেড়েছে ৩৬ টাকা এবং স্থায়ী সম্পত্তি কমেছে ৩৬ টাকা
গ. লাভ কমেছে ৩৬ টাকা এবং স্থায়ী সম্পত্তি বেড়েছে ৩৬ টাকা
ঘ. লাভ কমেছে ৩৬ টাকা এবং স্থায়ী সম্পত্তি কমেছে ৩৬ টাকা
ঙ. লাভে কোন প্রভাব পড়েনি কিন্তু স্থায়ী সম্পত্তি বেড়েছে ৩৬ টাকা

উত্তর | ক | ব্যাখ্যা পেট্রোল খরচ ৩৬ টাকা লাভ-ক্ষতি হিসাবে ডেবিট না করায় ৩৬ টাকা লাভ বৃদ্ধি পেয়েছে। অপর দিকে পেট্রোল খরচ ৩৬ টাকা সম্পত্তির (মোটরগাড়ি) ভিতর অর্ন্তভূক্ত করায় উক্ত সম্পত্তি ৩৬ টাকা বৃদ্ধি পেয়েছে।

২২. একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের প্রারম্ভিক মজুদ ২৩,০০০ টাকা, সমাপনী মজুদ ২৭,০০০ টাকা, বছরের বিক্রয় ১,৬০,০০০ টাকা এবং ক্রয় মূল্যের উপর ২৫% লাভ ধরে পণ্য বিক্রয় হয়। বছরের ক্রয় কত টাকা?

ক. ১,২০,০০০ খ. ১,২৪,০০০ গ. ১,২৮,০০০
ঘ. ১,৩০,০০০ ঙ. ১,৩২,০০০

উত্তর | ঙ | ব্যাখ্যা বিক্রয়মূল্য ও ক্রয়মূল্যের উপর মুনাফার হার দিয়ে ক্রয়মূল্য বের করার সহজ সূত্রটি হলো, ক্রয়মূল্য $= \frac{S}{1 + r} = \frac{১৬০০০০}{১২৫} \times ১০০$

$= ১২৮০০০$ টাকা

এখানে, S = বিক্রয়মূল্য, r = ক্রয়মূল্যের উপর মুনাফার হার = ২৫% = ০.২৫

অতএব, ক্রয়মূল্য $= \frac{১৬০০০০}{১ + ০.২৫} = \frac{১৬০০০০}{১.২৫} = ১,২৮,০০০$ টাকা

সুতরাং ক্রীতপণ্যের ব্যয় $= ১,২৮,০০০ + ২৭,০০০ − ২৩,০০০ = ১,৩২,০০০$ টাকা

২৩. 'ধারে বিক্রয়' এর উপর নির্দিষ্ট হারে কুঋণ সঞ্চিতি সংরক্ষণ পদ্ধতি হিসাববিজ্ঞানের কোন নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ?

ক. সামঞ্জস্য নীতি খ. গুরুত্ব নীতি গ. প্রকাশ নীতি
ঘ. মিলকরণ নীতি ঙ. রক্ষণশীলতা নীতি

উত্তর | ঘ | ব্যাখ্যা ধারে বিক্রয় অথবা দেনাদারের উপর নির্দিষ্ট হারে কু-ঋণ সঞ্চিতি সংরক্ষণ পদ্ধতি হিসাববিজ্ঞানের মিলকরণ নীতির সাথে সামঞ্জস্যপূর্ণ।

২৪. রবিনের কাছ থেকে প্রাপ্ত টাকা পিটারের হিসাবে ক্রেডিট করা হলে, কী ধরনের ভুল হবে?

ক. বাদ পড়ার ভুল খ. খতিয়ানভুক্তির ভুল গ. পরিপূরক ভুল
ঘ. নীতির ভুল ঙ. লেখার ভুল

উত্তর | খ | ব্যাখ্যা একটি নির্দিষ্ট হিসাব ডেবিট বা ক্রেডিট করার পরিবর্তে সমজাতীয় অপর একটি হিসাবকে ডেবিট বা ক্রেডিট করা হলে যে ভুল সংঘটিত হয় তা বেদাখিলার ভুল বা খতিয়ানভুক্তির ভুল অন্তর্গত।

২৫. শেয়ারহোল্ডারদেরকে লভ্যাংশ দেয়া হলে:

ক. সম্পত্তি বাড়বে এবং দায় কমবে
খ. সম্পত্তি কমবে এবং দায় বাড়বে
গ. সম্পত্তি কমবে এবং শেয়ারহোল্ডারদের স্বত্ব কমবে
ঘ. সম্পত্তি কমবে এবং শেয়ারহোল্ডারদের স্বত্ব বাড়বে
ঙ. শেয়ারহোল্ডারদের স্বত্বে কোন প্রভাব পড়বে না

উত্তর | ঙ | ব্যাখ্যা শেয়ার হোল্ডারদেরকে লভ্যাংশ বাবদ নগদ প্রদান করলে, নগদ বা ব্যাংক নামক সম্পত্তি হ্রাস পাবে এবং প্রদেয় লভ্যাংশ নামক দায় হ্রাস পাবে। সুতরাং শেয়ারহোল্ডারদের স্বত্বে কোন প্রভাব পড়বে না।

Admission War

## ব্যবসায় নীতি ও প্রয়োগ

০১. **প্রাইম ব্যাংকের মালিকানার ধরন:**
ক. একক মালিকানা খ. অংশীদারি কারবার
গ. প্রাইভেট লি. ঘ. সরকারী
ঙ. পাবলিক লি.

উত্তর | ঙ | ব্যাখ্যা | প্রাইম ব্যাংক বাংলাদেশের প্রচলিত কোম্পানি আইন ১৯৯৪ এর আওতায় গঠিত এবং বাংলাদেশের ঢাকা এবং চট্টগ্রাম দুই শেয়ার বাজারেই তালিকাভুক্ত। শেয়ার বাজারে তালিকাভুক্ত কোম্পানিকে পাবলিক লি: কোং যার সদস্য সংখ্যা সর্বনিম্ন ৭জন এবং সর্বোচ্চ শেয়ার দ্বারা সীমাবদ্ধ থাকে।

০২. **ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংকের নিকট নিচের কোন জামানতটি উত্তম?**
ক. শেয়ার খ. ঋণপত্র গ. নোট ও বন্ড
ঘ. প্রত্যয়পত্র ঙ. স্থায়ী আমানত রশিদ

উত্তর | ঙ | ব্যাখ্যা | স্থায়ী আমানতের রশিদ- বাণিজ্যিক ব্যাংকসমূহ ঋণ প্রদানের ক্ষেত্রে যে সকল বিষয় বিবেচনা করে তার মধ্যে সর্বোত্তম স্থায়ী আমানতের রশিদ।

০৩. **ব্যাংকের কোন ধরনের হিসাব খুলতে কোনো পরিচিতির প্রয়োজন হয় না:**
ক. চলতি হিসাব খ. সঞ্চয়ী হিসাব গ. স্থায়ী হিসাব
ঘ. বিশেষ চলতি হিসাব ঙ. গৃহসঞ্চয়ী হিসাব

উত্তর | গ | ব্যাখ্যা | ব্যাংকে স্থায়ী হিসাব খুলতে কোন পরিচিতির প্রয়োজন হয় না।

০৪. **যদি ব্যাংক হার হ্রাস পায়, অর্থ সরবরাহ:**
ক. বৃদ্ধি পায় খ. অপরিবর্তিত থাকে গ. হ্রাস পায়
ঘ. ওঠানামা করে ঙ. নির্ণয় করা সহজ নয়

উত্তর | ক | ব্যাখ্যা | কেন্দ্রীয় ব্যাংক যদি ব্যাংক হার বাড়ায়- তবে বাজারে অর্থসরবরাহ হ্রাস পায়। আর যদি ব্যাংক হার কমায়- তবে বাজারে অর্থসরবরাহ বৃদ্ধি পাবে। কারণ ব্যাংক হারের সাথে বাজারে অর্থ সরবরাহের সম্পর্ক বিপরীতমুখী।

০৫. **নিচের কোন পদ্ধতির বিমায় বিমা গ্রহীতা ও বিমাকারী উভয়ই বিমা কোম্পানি?**
ক. সহ-বিমা খ. পুনঃবিমা গ. যুগ্ম বিমা
ঘ. চলতি বিমা ঙ. গোষ্ঠী বিমা

উত্তর | খ | ব্যাখ্যা | পুনঃবিমার বেলায় বীমাকারী প্রতিষ্ঠান পুনরায় আরো একটি বীমা কোম্পানির নিকট বীমাচুক্তিতে আবদ্ধ হয়। তাই পুনঃবিমায় বিমা গ্রহীতাও বিমাকারী উভয়ই বিমা কোম্পানি।

০৬. **নিম্নের কোন পদ্ধতিটি আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণে ব্যবহৃত হয় না?**
ক. লাইসেন্স ব্যবস্থা খ. শুল্ক আরোপ গ. কোটা নির্ধারণ
ঘ. মাশুলপত্র ঙ. বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ

উত্তর | ঘ | ব্যাখ্যা | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ হলো আমদানি রপ্তানি বাণিজ্যে শৃঙ্খলা নিয়ে আসা এবং যতটা সম্ভব এটার মাত্রা কমানো। এক্ষেত্রে মাশুলপত্র ব্যাতিত বাকী সবগুলোই আমদানি রপ্তানি নিয়ন্ত্রণে ব্যবহৃত হয়।

০৭. **নিম্নের কোনটি শ্রমঘন শিল্প?**
ক. ঔষধ খ. সার গ. প্রসাধনী
ঘ. তৈরি পোশাক ঙ. কম্পিউটার

উত্তর | ঘ | ব্যাখ্যা | শ্রমঘন শিল্প বলতে যে শিল্পে প্রচুর পরিমাণে শ্রমিক কাজ করে সেই শিল্পকে বুঝায়। উপরিউক্ত শিল্পসমূহের মধ্যে তৈরি পোশাক শিল্প ব্যতিত অন্য সবগুলোতেই যন্ত্রপাতি বা মূলধনীয় সম্পত্তির প্রাধান্য বেশি। কিন্তু পোষাক শিল্পে প্রচুর শ্রমিকের প্রয়োজন হয়। তাই এটি শ্রমঘন শিল্প।

০৮. **ব্যবসায়ের ক্ষেত্রে 'প্রমিতকরণ' কী ধরনের উপযোগ সৃষ্টি করে?**
ক. সময়গত খ. প্রচারগত গ. মানগত
ঘ. বিক্রয়গত ঙ. রূপগত

উত্তর | গ | ব্যাখ্যা | মানগত প্রতিবন্ধকতা দূরীভূত করে- প্রমিতকরণ।

০৯. **নিম্নের কোনটি ঋণ নিয়ন্ত্রণের গুণগত পদ্ধতি নয়?**
ক. ভোগ্যপণ্য ক্রয়ে ব্যবহৃত ঋণ নিয়ন্ত্রণ খ. প্রত্যক্ষ নিয়ন্ত্রণ
গ. বন্ধকী ঋণের মার্জিন হারের পরিবর্তন ঘ. ব্যাংক হার পরিবর্তন
ঙ. নৈতিক প্রভাব

উত্তর | ঘ | ব্যাখ্যা | ঋণ নিয়ন্ত্রনের গুণগত পদ্ধতি-৩টি।
i. ব্যাংক হার নীতি
ii. খোলা বাজার নীতি
iii. জমার হার পরিবর্তনের নীতি।

১০. **নিম্নের কোনটি অবাণিজ্যিক দলিলি ঋণ?**
ক. প্রত্যয় পত্র খ. পে-অর্ডার
গ. ব্যাংক গ্যারান্টি ঘ. ব্যাংক আজ্ঞাপত্র
ঙ. ভ্রাম্যমাণ নোট

উত্তর | ঙ | ব্যাখ্যা | ভ্রাম্যমান নোট একটি অবাণিজ্যিক দলিলি ঋণ। বাকী ৪টি পে-অর্ডার, প্রত্যয়পত্র, ব্যাংক গ্যারান্টি, ব্যাংকের আজ্ঞাপত্র বাণিজ্যিক দলিলি ঋণ।

১১. **'Jettison' বলতে কী বোঝায়?**
ক. পণ্য হ্রাসকরণ খ. পণ্য বোঝাই
গ. পণ্য স্থানান্তরকরণ ঘ. পণ্য নিক্ষেপণ
ঙ. পণ্য বিনিময়

উত্তর | ঘ | ব্যাখ্যা | Jettision- অর্থ পণ্য নিক্ষেপণ। আর Jetsam হলো নিক্ষিপ্ত পণ্য

১২. **নিচের কোন নীতিটি বিমা চুক্তির অন্তর্ভুক্ত নয়?**
ক. পূর্ণ আস্থা ও বিশ্বাস খ. বিমাযোগ্য স্বার্থ
গ. ক্ষতিপূরণ ঘ. ব্যবসায় সম্প্রসারণ
ঙ. নিকটবর্তী কারণ

উত্তর | ঘ | ব্যাখ্যা | ব্যবসায় সম্প্রসারণ বিমা চুক্তির অন্তর্ভুক্ত নয়। কারণ আস্থা ও বিশ্বাস, বিমাযোগ্য স্বার্থ, ক্ষতিপূরণ, নিকটবর্তী কারণ এগুলো বিমা চুক্তির অন্তর্ভুক্ত।

১৩. **'Causa Proxima' এর অর্থ কী?**
ক. সমন্বয়যোগ্য কারণ খ. ঝুকির কারণ
গ. নিকটতম কারণ ঘ. ক্ষতিপূরণ
ঙ. আনুপাতিক অবদান

উত্তর | গ | ব্যাখ্যা | Causa Proxima-একটি ল্যাটিন শব্দ। Causa Proxima অর্থ নিকটতম কারণ।

১৪. **বাংলাদেশে বিমা কোম্পানিসমূহের নিয়ন্ত্রক সংস্থার সংক্ষিপ্ত নাম কী?**
ক. আই.ডি.আর.এ খ. আই.ডি.এ
গ. আই.আর.এ ঘ. আই.আর.ডি.এ
ঙ. এ.আই.ডি

উত্তর | ক | ব্যাখ্যা | IDRA- Insurance Development and Regulatory Authority -হল বাংলাদেশে বিমা কোম্পানিসমূহের নিয়ন্ত্রক সংস্থা।

১৫. **পাবলিক লিমিটেড কোম্পানির কোন বিষয়টি 'লিমিটেড'?**
ক. পরিচালকের সংখ্যা খ. শেয়ার সংখ্যা
গ. মূলধন ঘ. শেয়ারহোল্ডারদের সংখ্যা
ঙ. শেয়ারহোল্ডারদের দায়

উত্তর | ঙ | ব্যাখ্যা | পাবলিক লিমিটেড কোম্পানির শেয়ারহোল্ডারদের দায় সীমা

১৬. **কোনটি সাংগঠনিক কাঠামোর উদাহরণ নয়?**
ক. সরলরৈখিক সংগঠন খ. কার্যভিত্তিক সংগঠন
গ. সরলরৈখিক ও পদস্থ কর্মী সংগঠন ঘ. মেট্রিক্স সংগঠন
ঙ. বৈজ্ঞানিক ব্যবস্থাপনা

উত্তর | ঙ | ব্যাখ্যা | বৈজ্ঞানিক ব্যবস্থাপনা- ব্যবস্থাপনার একটি অংশ। অন্য ৪টি সাংগঠনিক কাঠামোর উদাহরণ।

১৭. **নিম্নের কোন সংগঠনটির সামরিক সংগঠনের সাথে সবচেয়ে বেশী সাদৃশ্য**
ক. সরলরৈখিক সংগঠন খ. কার্যভিত্তিক সংগঠন
গ. মেট্রিক্স সংগঠন ঘ. কমিটি সংগঠন
ঙ. সরলরৈখিক ও পদস্থ কর্মী সংগঠন

উত্তর | ক | ব্যাখ্যা | সংগঠনসমূহের মধ্যে শুধুমাত্র সরলরৈখিক সংগঠনের সামরিক সংগঠনের সবচেয়ে বেশি সাদৃশ্য রয়েছে।

Admission War